

ইতিহাস

তারিখ ... ৮/১/৭৮ ...
পৃষ্ঠা... ২ ... কলাম... ৮ ...

৮/১/৭৮

১৯৭৪-এর আদমশুমারির সামগ্রিক সন্ীক্ষা

সংশোধিত জনসংখ্যা ৭ কোটি ৬৩ লক্ষ।

৫৪ ভাগ লোক পোষা

২৭৩৩৮
৮/১/৭৮

১৯৭৪ সালের ফেব্রুয়ারীতে সম্পন্ন বাংলাদেশের আদমশুমারির জাতীয় বিবরণীতে বলা হইয়াছে যে, গণনা হইতে বাদ পড়া লোকদিগকে লইয়া ঐ সময় দেশের জনসংখ্যা ছিল ৭ কোটি ৬৩ লক্ষ ৯৮ হাজার। তবে ঐ বৎসর প্রথম গণনায় জনসংখ্যা ৭ কোটি ১৪ লক্ষ ৭৯ হাজার ৭১ বলিয়া দেখা গিয়াছিল। আদমশুমারির তথ্যসম্বলিত জেলাওয়ারী ১৯টি খণ্ডের পর জাতীয় সামগ্রিক তথ্যের খণ্ডটি সম্প্রতি প্রকাশিত হইয়াছে। জনসংখ্যা পরিসংখ্যানবিদদের পরবর্তী যাচাই-মূলক জরিপ অনুসারে শহর-গুলিতে লোক গণনায় শতকরা প্রায় ২০ ব্যক্তি এবং অগ্ৰাণ্ড এলাকায় শতকরা ৬ হইতে ৭ জন বাদ পড়িয়াছিলেন। জনসংখ্যার পরিসংখ্যান যাচাই ও চূড়ান্ত করার বিভিন্ন পর্বে তিনটি বুলেটিন ইতিপূর্বে প্রকাশিত হইয়াছিল। জাতীয় বিবরণী খণ্ডে জনসংখ্যার গতি-প্রকৃতি ও জনসংখ্যার সামাজিক-অর্থনৈতিক বিষয়াদি উল্লেখ করা হইয়াছে।

১৯৬১ সাল হইতে ১৯৭৪ সাল পর্যন্ত জনসংখ্যা বৎসরে আড়াইভাগেরও বেশী হারে (চক্রবৃদ্ধি) পাইয়াছে। ৭৪ সালে জনসংখ্যার দিক দিয়া বিধে বাংলাদেশের স্থান ৮ম। গণনার নারীর তুলনায় পুরুষের সংখ্যা বেশী বলিয়া দেখা

গিয়াছে। ৩ কোটি ৭০ লক্ষ পুরুষের বিপরীতে নারীর সংখ্যা ছিল ৩ কোটি ৪৪ লক্ষের মত। জনসংখ্যার মধ্যে শতকরা ৪৮ জনের বয়স ছিল ১৫ বৎসরের কম ও শতকরা প্রায় ৬ জনের বয়স ছিল ৬০ বৎসরের উপরে—ইহার অর্ধ শতকরা প্রায় ৫৪ ভাগ লোক অপরের পোষা। ১৯৬১ সালের তুলনায় ৭৪-এ লেখাপড়া জানা লোকের সংখ্যা

শতকরা সাড়ে ৪ ভাগ বাড়িয়া প্রায় শতকরা ২৫-এ দাঁড়াইয়াছে। শহরাক্ষেত্রে এই হার প্রায় শতকরা ৪৪ অর্থাৎ গ্রামাক্ষেত্রে দ্বিগুণ। নারীদের মধ্যে লেখাপড়া জানার হার প্রায় শতকরা ১৫ ভাগ, পুরুষদের মধ্যে ৩০ ভাগ।

জনসংখ্যার মাত্র ২৮ শতাংশ লোক অর্থনৈতিক শ্রম শক্তির (শেষ পৃঃ ৬-এর কঃ-দঃ)

আদমশুমারী

(৫ম পৃঃ-দঃ)

অন্তর্গত। গৃহবধু ও নিকম। ব্যক্তির জনসংখ্যার ৩৬ ভাগ। অর্থনৈতিক কাজ-কর্মে নিযুক্ত শ্রমশক্তির শতকরা ৭৭ ভাগ কৃষিতে, ২৩ ভাগ অকৃষি খাতে কাজ করে। ১৯৬১ সালে এই হার ছিল যথাক্রমে ৮৬ ও ১৪। অর্থাৎ অকৃষি খাতে কম সংস্থা পূর্ববর্তী ১০ বৎসরে কিছুটা বাড়িয়াছে।

বিভাগওয়ারী জনসংখ্যার ঢাকা শীর্ষে। ঢাকা ২ কোটি ১৩ লক্ষ, চট্টগ্রাম ১ কোটি ৮৬ লক্ষ, রাজশাহী ১ কোটি ৭০ লক্ষ এবং খুলনা ১ কোটি ৪১ লক্ষ। জনসংখ্যার দিক দিয়া শহরগুলির ক্রমিক নামঃ ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও নারায়ণগঞ্জ। ঢাকা শহরে ১৬ লক্ষ ৭৯ হাজার, চট্টগ্রাম শহরের জনসংখ্যা ছিল ৮ লক্ষ ৮৯ হাজার, খুলনা শহরে ৪ লক্ষ ৩৭ হাজার, নারায়ণগঞ্জে ২ লক্ষ ৭০ হাজার, ময়মনসিংহে ১ লক্ষ ৮২ হাজার, রাজশাহীতে ১ লক্ষ ৩২ হাজার।